

## স্মরণ কর তোমরা ছিলে স্বল্প সংখ্যক, পৃথিবীতে তোমরা দুর্বলরূপে পরিগণিত হতে

আসসালামু আলাইকুম ওয়া রহমতুল্লাহি ওয়া বারাকাতুহু

বিসমিল্লাহির রহমানুর রাহীম

আজকের আলোচনার বিষয়বস্তু হচ্ছেঃ স্মরণ কর তোমরা ছিলে স্বল্প সংখ্যক,  
পৃথিবীতে তোমরা দুর্বলরূপে পরিগণিত হতে

শিরোনামটি সুরা আনফালের ২৬ নং আয়াতের প্রথমাংশের তরজমা। এই সুরায় ৯, ১২, ১৬, ১৭, ১৮, ১৯, ২৬, ৬৫, ও ৬৬ নং আয়াতে বদর যুদ্ধ সংক্রান্ত বিভিন্ন বিষয়ে আল্লাহ তা'য়লা বর্ণনা করেছেন। এ ছাড়া আর রাহীকুল মাখতুম রাসুল(সাঃ) এর জীবনি পৃষ্ঠা ৩২০ ও ৩২১ এ এর সংক্ষিপ্ত বর্ণনা করা হয়েছে।

হিজরী ২য় সন ১৭ই রমজান বদর যুদ্ধ সংঘটিত হয়েছিল। মুসলমানদের সৈন্য সংখ্যা ছিল ৩১৩ জন। মুশরিকদের সুসজ্জিত সৈন্যসংখ্যা ছিল ১০০০ জন। মুশরিকদের যুদ্ধের উপকরণ মুসলিমদের তুলনায় ১০ গুণ বেশী ছিল। আল্লাহ তা'য়লা ফেরেশতা নাজিল করেছিলেন। মুশরিকদের ৭০ জন নিহত হয়েছিল। মুসলমানদের শহীদ হয়েছিলেন ১৪ জন। মুশরিকদের ৭০ জন যুদ্ধবন্দী হয়েছিল। মুশরিক কুরাইশদের নেতৃস্থানীয় সকলেই নিহত হয়েছিল।

এ বছর থেকেই ক) রমজানের সওম পালন ফরজ করা হয়। খ) যাকাত ফরজ করা হয়, গ) সদকায়ে ফিতর ফরজ করা হয়, ঘ) ঈদুল ফিতরের সালাত চালু করা হয়,

clickhere<http://www.morningbrightness.fi/>

@morningbrightness603

<https://www.facebook.com/profile.php?id=61556404990345>

উল্লেখ্য পাঁচ ওয়াত্ত সালাত বদর যুদ্ধের আগেই লাইলাতুল মে'রাজের পরই ফরজ করা হয়েছিল।

প্রিয় ভাই ও বোনেরা, আসুন আমরা কোরআন, হাদীস, রাসুল(সাঃ) ও সাহাবাদের (রাঃ) জীবনী পাঠ সহ দ্বীনের সঠিক জ্ঞান হাসিলের কঠোর প্রচেষ্টা করি এবং তদনুযায়ী আ'মল করি। আল্লাহর সাথে কাউকে শির্ক না করি। আল্লাহ আমাদের দুনিয়া ও আখেরাতের কল্যাণ দান করুন।

আমীন।

আসসালামু আলাইকুম ওয়া রহমতুল্লাহি ওয়া বারাকাতুহা।

.....

clickhere<http://www.morningbrightness.fi/>

@morningbrightness603

<https://www.facebook.com/profile.php?id=61556404990345>